

## উকেরেইয়েন সম্পর্কে বিবৃতি

বহু নিরীহ প্রাণের বিয়োগান্ত ক্ষতি ও সরকারের পরিবর্তন সহ উকেরেইয়েনের সাম্প্রতিক ঘটনাবলীর উপর ভারত নিবিড়ভাবে নজর রেখে চলেছে। পরবর্তী পর্যায়ে উত্তেজনা বৃদ্ধির কারণে, বিশেষ করে উকেরেইয়েনের বিভিন্নপ্রান্তে ৪ হাজার বিদ্যার্থী সহ ৫ হাজার ভারতীয়র উপস্থিতির কারণে আমরা উদ্বিগ্ন। উত্তেজনা হ্রাস করার সাম্প্রতিক উদ্যোগকে ভারত স্বাগত জানাচ্ছে এবং আশা করছে, উকেরেইয়েনের বিভিন্ন স্তরের জনতার আকাঙ্ক্ষা অনুরূপ উকেরেইয়েনের আভ্যন্তরীণ সমস্যা সমাধানের উপায় মিলবে। এই পরিপ্রেক্ষিতে,এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ,এক সামুদায়িক সমাজ গঠনের স্বার্থে অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে বৈধ গণতান্ত্রিক পরিকরিয়ার আকাঙ্ক্ষা প্রতিফলিত হওয়া। নিরন্তর আন্তরিক কূটনৈতিক উদ্যোগের মাধ্যমে উকেরেইয়েনের সংগে প্রতিবেশিদেশগুলির মধ্যকার বিষয়গুলি গঠনমূলক বার্তালাপের মাধ্যমে সমাধানের জন্য ভারত আহ্বান জানাচ্ছে।

নয়াদিল্লি

৬ মার্চ ২০১৪